

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

বিএসইসি/সিডিএস/১০/২০১৬/৩৫৪

তারিখঃ এপ্রিল ০৬, ২০২২

নির্দেশনা


যেহেতু, বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (অতঃপর “কমিশন বলিয়া” বিবেচিত হইবে) এই মর্মে অবগত হইয়াছে যে, পুঁজিবাজারে কর্মরত কতিপয় ডিপজিটরি পার্টিসিপ্যান্ট (ডিপি) কর্তৃক কমিশন, জাতীয় রাজস্ব বোর্ড (এনবিআর) এবং সেন্ট্রাল ডিপজিটরি বাংলাদেশ লিমিটেড (সিডিবিএল) এর নিকট প্রদেয় সিডিএস ও বার্ষিক হিসাব রক্ষণাবেক্ষণ ফি দীর্ঘদিন ধরে বকেয়া রহিয়াছে;

যেহেতু, বারংবার সিডিবিএল কর্তৃক পত্রের মাধ্যমে ডিপজিটরি পার্টিসিপ্যান্টদের উক্ত বকেয়া ফি প্রদান করিতে বলার পরও কিছু ডিপি উক্ত ফি প্রদানে ইচ্ছাকৃত বিলম্ব করিতেছে মর্মে কমিশনের নিকট প্রতীয়মান হইয়াছে;

অতএব, সেহেতু, বাংলাদেশের পুঁজিবাজারের স্বার্থে এবং পুঁজিবাজারের শৃঙ্খলা রক্ষার্থে যে সব ডিপজিটরি পার্টিসিপ্যান্ট এর সিডিএস ও বার্ষিক হিসাব রক্ষণাবেক্ষণ ফি বকেয়া থাকবে তাদের বিরুদ্ধে বিদ্যমান সিকিউরিটিজ আইন অনুযায়ী গৃহীত ব্যবস্থার পাশাপাশি The Securities and Exchange Ordinance, 1969 এর ধারা 20A এ প্রদত্ত ক্ষমতাবলে কমিশন, সেন্ট্রাল ডিপজিটরি বাংলাদেশ লিমিটেড, ঢাকা স্টক এক্সচেঞ্জ লিমিটেড ও চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ লিমিটেড কে নিম্নলিখিত নির্দেশনা প্রদান করিল যাহা অবিলম্বে কার্যকর হবেঃ

- (ক) Dhaka Stock Exchange (TREC Holder's Margin) Regulations, 2013 এর regulation 3 এবং Chittagong Stock Exchange (TREC Holder's Margin) Regulations, 2013 এর regulation 3 এর অধীনে প্রাপ্য Free Limit সুবিধা স্থগিত থাকিবে;
- (খ) সংশ্লিষ্ট এক্সচেঞ্জের মালিকানা শেয়ারের বিপরীতে প্রাপ্য লভ্যাংশ স্থগিত থাকিবে;
- (গ) Eligible investor's quota হিসাবে IPO/RPO এর প্রাপ্য সুবিধা স্থগিত থাকিবে;
- (ঘ) সংশ্লিষ্ট ট্রেডহোল্ডার কোম্পানি এবং ডিপজিটরি অংশগ্রহনকারীর নিবন্ধন সনদ নবায়ন স্থগিত থাকিবে এবং
- (ঙ) নতুন ব্রাঞ্চ অনুমোদন ও ডিজিটাল বুথ অনুমোদন স্থগিত থাকিবে ।

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন এর আদেশক্রমে,


অধ্যাপক শিবলী রুবাইয়াত-উল- ইসলাম
চেয়ারম্যান